# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**14-04-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের প্রচারাভিযান জমে উঠেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মেরা বুথ সবসে মজবুত কর্মসূচীর অধীনে রাজ্যের বিভিন্ন বুথের দলীয় কর্মীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে কথা বলবেন।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী এবং তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সহ অন্য রাজনৈতিক নেতা নেত্রীরা  আজ পশ্চিমবঙ্গে একাধিক কর্মসূচীতে যোগ দিচ্ছেন।

২) সুপ্রিম কোর্ট স্পষ্ট জানিয়েছে বিচার বিভাগীয় ট্রাইবুনালে আবেদনের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পশ্চিমবঙ্গে ভোটার তালিকা থেকে বাদ পড়া ব্যক্তিরা, ভোট দানের সুযোগ পাবেন না।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনে প্রস্তুতি খতিয়ে দেখতে সিনিয়ার ডেপুটি কমিশনার জ্ঞানেশ ভারতী ও পবন কুমার শর্মার নেতৃত্বে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল রাজ্য সফর করছে।

৪) কয়লাপাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অন্যতম ডিরেক্টর বিনেশ চান্দেলকে গ্রেফতার করেছে ইডি।

৫) সমগ্র জাতি আজ কৃতজ্ঞ চিত্তে ভারতের সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বি আর আম্বেদকরের ১৩৬ তম জন্মদিবসে তাঁর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছে।

৬) আগামীকাল পয়লা বৈশাখ। এদিকে, রাঢ়বাংলার জনপ্রিয় লোক উৎসবের শেষ দিনে আজ বানফোঁড়া ও চরক পালিত হচ্ছে।

---

বিধানসভা ভোট এগিয়ে আসার সঙ্গে সঙ্গে রাজ্যের প্রচারাভিযান জমে উঠেছে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং, মিছিল, জনসভা ও রোডশো করছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মেরা বুথ সবসে মজবুত কর্মসূচীর অধীনে রাজ্যের বিভিন্ন বুথের দলীয় কর্মীদের সঙ্গে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে কথা বলবেন। বিকেল চারটেয় নম অ্যাপের মাধ্যমে প্রধানমন্ত্রী বুথ কর্মী হিসাবে নিজের অভিজ্ঞতার কথা ভাগ করে নেবেন। ভোটের মুখে তৃণমূল স্তরে সংগঠনকে চাঙ্গা করে তুলতে এই উদ্যোগ।

বরিষ্ঠ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ পশ্চিমবঙ্গে একাধিক জনসভা করবেন। সকালে উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে দলীয় প্রার্থীর সমর্থনে রোড শো-এ অংশ নেবেন তিনি। পরে শ্রী শাহ দক্ষিণ দিনাজপুরের গোচিয়ার গঙ্গারামপুর ময়দানে জনসভায় অংশ নেবেন। দুপুর আড়াইটে নাগাদ মালদার মানিকচকে বিজেপি প্রার্থীর হয়ে জনসভায় বক্তব্য রাখবেন তিনি। পরে জেলারই গাজোলেও তাঁর একটি জনসভা করার কর্মসূচী রয়েছে।

এদিকে গতকালও শ্রী শাহ বিভিন্ন জনসভায় বক্তব্য রাখেন। রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে সীমান্তে কাঁটাতার দেওয়ার জন্য ৪৫ দিনের মধ্যে বিএসএফ-কে জমি হস্তান্তর করা হবে বলে উল্লেখ করেছেন তিনি।

বাইট অমিত

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বেশ কয়েকটি জনসভায় অংশ নেবেন। পশ্চিম মেদিনাপুরের পিংলা, পূর্ব মেদিনীপুরের তমলুক এবং হাওড়ার জগত্ বল্লভপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা করবেন তিনি। গতকালও একাধিক নির্বাচনী প্রচারে যোগ দিয়ে মুখ্যমন্ত্রী কেন্দ্রের বিজেপির সরকারের বিরুদ্ধে দেশকে বিক্রি করে দেওয়ার অভিযোগ তোলেন।

বাইট মমতা

কংগ্রেস, বামফ্রন্ট এবং আই এস এফ সহ অন্য  রাজনৈতিক দলের নেতা-নেত্রীরাও দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচারে যোগ দেবেন।

লোকসভায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধী আজ এরাজ্যে নির্বাচনী প্রচারে অংশ নিতে চলেছেন। উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, মালদার চাঁচোল এবং মুর্শিদাবাদের সামশেরগঞ্জে তিনটি জনসভায বক্তব্য রাখবেন তিনি।

এদিকে, রায়গঞ্জে গতকাল রাহুল গান্ধীর জন্য তৈরি হওয়া হেলিপ্যাড ভেঙে দেওয়াকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেসের সঙ্গে দলীয় কর্মীদের বচসা বাধে।

বামফ্রন্টের বিভিন্ন প্রার্থীরা আজ লালবৈশাখী মিছিলে অংশ নিতে চলেছেন। সিপিআইএম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম রানীগঞ্জ ও বাঁকুড়ায় এবং কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী পূর্বমেদিনীপুরে প্রচার সারবেন।

---------------------

রাজ্যে বিধানসভা নির্বাচনের শেষ মূহুর্তের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের উচ্চপর্যায়ের প্রতিনিধি দল রাজ্য সফর শুরু করেছে। সিনিয়র ডেপুটি কমিশনার জ্ঞানেশ ভারতী ও পবন কুমার শর্মার নেতৃত্বে প্রথম প্রতিনিধি দল আজ

সকালে নদিয়ায় এক বৈঠকে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে কথা বলবেন তাঁরা। গতকাল দুপুরে পশ্চিম বর্ধমানের অন্ডাল বিমানবন্দরে পৌঁছে সড়কপথে যান বীরভূম। সিউরিতে জেলাশাসক দফতরে জেলা নির্বাচনী আধিকারিক, পুলিশ সুপার সহ প্রশাসনিক কর্তাদের সঙ্গে বৈঠক করেন। সন্ধ্যায় মুর্শিদাবাদে জেলাশাসক দফতরে আয়োজিত বৈঠকে ভোট প্রস্তুতি খতিয়ে দেখেছেন।

একইসঙ্গে উত্তরবঙ্গের পাঁচ জেলায় ভোট প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের ডেপুটি ডিরেক্টর অপূর্বকুমার সিংহের নেতৃত্বে অপর একটি প্রতিনিধি দল গতকাল আলিপুরদুয়ার থেকে তাঁদের সফর শুরু করেন। রাজাভাতখাওয়ায় গিয়ে বুথ পরিদর্শনের পাশাপাশি আধিকারিকরা এবং স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন। পরবর্তী পর্যায়ে জলপাইগুড়ি, কোচবিহার, দার্জিলিং ও কালিম্পং জেলাতেও যাওয়ার কথা রয়েছে তাঁদের।

উল্লেখ্য, ৫ দিনের এই সফরে আধিকারিকরা ভোট সংক্রান্ত নানা বিষয় খতিয়ে দেখবেন।

---------------------

বিচার বিভাগীয় ট্রাইবুনালে আবেদনের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এস আই আর-এর পর রাজ্যের ভোটার তালিকা থেকে বাদ পড়া ব্যক্তিরা এই বিধানসভা নির্বাচনে ভোট দানের সুযোগ পাবেন না বলে সুপ্রিম কোর্ট স্পষ্টভাবে জানিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং দুই বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিপুল এম পাঞ্চলির বেঞ্চ গতকাল পশ্চিমবঙ্গে এস আই আর সংক্রান্ত মামলার শুনানিতে জানায়, এব্যাপারে ট্রাইবুনালের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কিন্তু ট্রাইব্যুনালের

ওপর কোনোভাবে চাপ সৃষ্টি করা যাবে না। ট্রাইবুনালের বিচারকদের উপর অতিরিক্ত বোঝা চাপাতে তারা রাজি নয় বলেও স্পষ্ট জানিয়েছেন বেঞ্চ।

এদিকে, এরাজ্যে এস আই আরে ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়াকে চ্যালেঞ্জ জানিয়ে পেশ করা একটি আবেদন শুনতে সুপ্রিম কোর্ট অস্বীকার করেছে। শীর্ষ আদালতের মতে এখনই এর শুনানি গ্রহণ করা যায়না। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ আবেদনকারীকে এই অভিযোগ নিয়ে নির্দিষ্ট আপিল ট্রাইবুনালে যেতে বলেছেন। আদালতের পর্যবেক্ষন, প্রায় ৩০ থেকে ৩৪ লক্ষ আপিল এখনও বকেয়া। প্রত্যেক ট্রাইবুনাল এক লক্ষেরও বেশি মামলা সামলাচ্ছে। শীর্ষ আদালত যথাযথ প্রক্রিয়া পালনের ওপর জোর দিয়ে বলেছে, এই অবস্থায় বিচার বিভাগীয় হস্তক্ষেপ নির্বাচনী প্রক্রিয়াকে বিঘ্নিত করতে পারে। নির্বাচনী প্রক্রিয়া ব্যাহত না হলে, ভোটার তালিকা থেকে বিপুল অংশের নাম বাদ গেলেও ভোট বন্ধ করা সম্ভব নয়।

উল্লেখ্য, রাজ্যের দুই পর্যায়ে ২৩ এবং ২৯শে এপ্রিল ভোট নেওয়া হবে। গণনা চৌঠা মে।

---------------------

সুপ্রিম কোর্টের নির্দেশে জোকাতে শ্যামাপ্রসাদ ইনস্টিটিউটে তৈরি হওয়া বিশেষ ট্রাইব্যুনাল গতকাল কাজ শুরু করেছে। এস আই আর-এ নাম বাদ পড়া সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তির জন্যই এই ব্যবস্থা।

প্রথম দিনেই ট্রাইব্যুনাল চত্বরে ভীড় লক্ষ্য করা যায়। মোট ১৯ জন বিচারকের মধ্যে ১৬ জন তাদের কাজ চালাচ্ছেন। প্রাথমিক পর্যায়ে অভিযোগের ভিত্তি কতটা গ্রহণযোগ্য, তা যাচাই করে দেখা হচ্ছে।

ট্রাইব্যুনালের কার্যপ্রণালী অনুযায়ী, কোনও আবেদনে বিভ্রান্তি বা অসঙ্গতি থাকলে আবেদনকারীকে সরাসরি ডেকে পাঠানো হবে। প্রয়োজনে শুনানির মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

----------------------

ভোটের সময় আইনশৃঙ্খলা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য নতুন হেল্পলাইন চালু করল নির্বাচন কমিশন। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করতে এই বিশেষ উদ্যোগ বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। তিনি জানান, ১৮০০-৩৪৫-০০০৮ এই নিঃশুল্ক নম্বরটি ২৪ ঘণ্টাই সক্রিয় থাকবে।
শুধু ফোন নয়, অভিযোগ জানানোর জন্য একটি নির্দিষ্ট ই-মেইল আইডিও চালু করা হয়েছে— wbfreeandfairpolls@gmail.com –এ সরাসরি অভিযোগ জানানো যাবে।

(বাইট-আগরওয়াল)

কমিশন সূত্রে খবর, এই হেল্পলাইন ও ই-মেইল পরিষেবা ইতিমধ্যেই চালু হয়েছে। গণনা পর্ব পর্যন্ত এটি কার্যকর থাকবে। সমস্ত অভিযোগ সরাসরি রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পৌঁছবে এবং প্রয়োজন অনুযায়ী দ্রুত ব্যবস্থা নেওয়া হবে বলেও শ্রী আগরওয়াল জানিয়েছেন।

----------------------

কয়লাপাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের নির্বাচনী পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের অন্যতম প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর বিনেশ চান্দেলকে গ্রেফতার করেছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট ইডি। গতকাল সকালে দিল্লীর সদর দপ্তরে বিনেশকে তলব করা হয়। দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর তদন্তে অসহযোগিতার অভিযোগে গতরাতে গ্রেপ্তার করা হয়েছে তাকে। আজ বিনেশকে দিল্লীর রাউস অ্যাভিনিউয়ের আদালতে তোলা হবে।

এর আগে দোসরা এপ্রিল দিল্লিতে চান্দেলের বাড়িতে তল্লাশি চালিয়েছিল ইডি। এছাড়াও বেঙ্গালুরুতে আইপ্যাকের আর এক সহ-প্রতিষ্ঠাতা ও পরিচালক ঋষি রাজ সিংয়ের বাড়িতেও ইডি হানা দেয়। এরপরই বেআইনি আর্থিক লেনদেন প্রতিরোধ আইনে বিনেশ চান্দেলকে গ্রেফতার করা হয়েছে।

উল্লেখ্য গত ৮ই জানুয়ারি কয়লাপাচার কাণ্ডে দিল্লিতে নথিভুক্ত একটি মামলার তদন্তে আইপ্যাকের সল্টলেকের অফিস ও সংস্থার কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে যান ইডির তদন্তকারীরা। মুখ্যমন্ত্রী সেই সময়  প্রতীক জৈনের বাড়ি ও অফিসে হাজির হয়ে তদন্তে বাধা দেন বলে অভিযোগ ওঠে। এই ঘটনায় সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় ইডি। গতকাল মামলার শুনানি হওয়ার কথা থাকলেও তা পিছিয়ে দিয়েছে শীর্ষ আদালত। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং এন ভি আঞ্জারিয়ার বেঞ্চ জানিয়েছেন, আগামী বুধবার অর্থাত্ রাজ্যের প্রথম দফা নির্বাচনের আগের দিন এই মামলার শুনানি হবে। এদিকে, বিনেশের গ্রেপ্তারে তীব্র ক্ষোভ ব্যক্ত করেছে তৃণমূল কংগ্রেস। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই গ্রেপ্তারি নিয়ে কেন্দ্রের সমালোচনা করে বলেন, ভোটের মুখে এধরনের ঘটনা নিরপেক্ষ নির্বাচনের পরিপন্থী।

---------------------

আগামীকাল পয়লা বৈশাখ। পুরনোকে ঝেড়ে ফেলে নতুনকে আহ্বান জানানোর প্রস্তুতিতে ইতোমধ্যেই মেতেছে বাংলা। দোকানে দোকানে হালখাতার আয়োজন চলছে জোরকদমে।

এদিকে, রাঢ়বাংলার জনপ্রিয় লোক উৎসবের শেষ দিনে আজ ভোরথেকে শুরু হয়েছে বানফোঁড়া। আত্মনিগ্রহের অঙ্গ হিসাবে গাজনের ভক্তরা শরীরে তীক্ষ্ণ শলাকা

বিঁধিয়ে লোকনৃত্যে অংশ নিয়েছেন। দুপুরে শিব মন্ডপে ধুনো পুরিয়ে শিব ভক্তরা মানত পালন করবেন। বিকেলে হবে চরক উৎসব।

এই উপলক্ষে সকাল থেকেই শিব মন্দির গুলিতে বহু মানুষের ভিড়।

অন্যদিকে, আজ চৈত্র সংক্রান্তিতে ঘরে ঘরে পুজোর আয়োজন করা হয়েছে। শত্রুর মুখে ছাই দিয়ে পালিত হচ্ছে ছাতু সংক্রান্তিও।

---------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ ভারতীয় সংবিধানের অন্যতম প্রধান রূপকার ডক্টর বাবা সাহেব ভিম রামজি আম্বেদকরের ১৩৬ তম জন্মদিন যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে। স্বাধীন ভারতে প্রথম আইন ও বিচার বিভাগের মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছিলেন বি আর আম্বেদকার। ভারতের সংবিধানের খসড়া কার্য নির্বাহক সমিতির সভাপতি ছিলেন তিনি। জাতীয়তাবাদী ও দলিত আন্দোলনের অন্যতম মহান এই নেতা একাধারে ছিলেন সমাজ সংস্কারক, দার্শনিক, আইনবিদ, রাজনীতিক, লেখক, সুবক্তা।

উল্লেখ্য ১৮৯১ সালের আজকের দিনে তিনি জন্মগ্রহণ করেন। জাতিগত বৈষম্য, মহিলা, শ্রমিক ও সমাজের প্রান্তিক শ্রেণীর অধিকার সুনিশ্চিত করতে তিনি তার জীবন উৎসর্গ করেছেন। ১৯৯০ সালে ডক্টর বি আর আম্বেদকরকে মরণোত্তর ভারত রত্নে সম্মানিত করা হয়।

---------------------

কলকাতায় আজ সারা বাংলা বাস্কেটবল প্রতিযোগিতা শুরু হবে। বালক বিভাগে ১০ টি ও বালিকা বিভাগে ১৩ টি দল এই প্রতিযোগিতায় অংশ নেবে। রাজ্য বাস্কেটবল সংস্থার পক্ষ থেকে অনিতা রায় এ খবর জানিয়েছেন। ফাইনাল হবে শনিবার।

---------------------

কলকাতা নাইট রাইডার্স আজ আইপিএল এর ম্যাচে চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে। চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। এবারের আইপিএলে এখনো জয়ের মুখ দেখেনি কেকেআর। চার ম্যাচ খেলে তিনটিতে হেরে ১ পয়েন্ট নিয়ে ১০ দলের লিগ তালিকায় সব শেষে রয়েছে কলকাতা।

--------------------- ---------------------